বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৬।

স্মারক নং-বশেমুরকৃবি/প্রশা:/ই-০৫/২০১৬/১০৯৮ তারিখ- ২৮/০৬/২০১৬

নিয়োগ বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত পদসমূহ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

ক্র. নং	পদের নাম, বেতনক্রম (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী) ও পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	অধ্যাপক (৫৬৫০০-৭৪৪০০/-) কীটতত্ত্ব-১	যোগ্যতা : ক) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট অনুষদ হইতে ন্যূনতম জিপিএ ৩.৫ সহ স্নাতক এবং সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর অথবা স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয়/ শিক্ষা প্রতিষ্ঠান হইতে সমমানের জিপিএ বা প্রথম শ্রেণীসহ সমমানের ডিগ্রি ; খ) সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি বা সমমানের ডিগ্রি ; গ) এসএসসি (SSC) ও এইচএসসি (HSC) অথবা সমমানের পরীক্ষায় জিপিএ ৫ এর মধ্যে ন্যূনতম ৪.৫ অথবা প্রথম বিভাগ থাকিতে হইবে; ঘ) কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য হইবে না; ঙ) কোন স্বীকৃত জার্নালে ১৫টি প্রকাশনা, তন্মধ্যে সহযোগী অধ্যাপক হিসাবে ৫টি প্রকাশনা থাকিতে হইবে। অভিজ্ঞতা : ক) পিএইচডি বা সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়/ গবেষণা প্রতিষ্ঠানে ১২(বার) বছরের শিক্ষকতা এবং/অথবা গবেষণার অভিজ্ঞতা তন্মধ্যে সহযোগী অধ্যাপক পদে কমপক্ষে ৪(চার) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে; খ) পিএইচডি বা সমমানের ডিগ্রি না থাকিলে বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানে ১৪ (চৌদ্দ) বছরের শিক্ষকতা এবং/অথবা গবেষণার অভিজ্ঞতা তন্মধ্যে সহযোগী অধ্যাপক পদে কমপক্ষে ৫(পাঁচ) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে। উপরোক্ত শর্তাবলীযুক্ত প্রার্থী পাওয়া না গেলে স্নাতক সম্মান শ্রেণীতে প্রথম বিভাগ/শ্রেণী/ সমমানের জিপিএ-সহ মোট ৩(তিন) টি প্রথম বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ থাকিতে হইবে।
২	সহযোগী অধ্যাপক (৫০০০০-৭১২০০/-) কীটতত্ত্ব-১	যোগ্যতা : ক) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট অনুষদ হইতে ন্যূনতম জিপিএ ৩.৫ সহ স্নাতক এবং সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর অথবা স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হইতে সমমানের জিপিএ বা প্রথম শ্রেণীসহ সমমানের ডিগ্রি ; খ) সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি বা সমমানের ডিগ্রি; গ) এসএসসি (SSC) ও এইচএসসি (HSC) অথবা সমমানের পরীক্ষায় জিপিএ ৫ এর মধ্যে ন্যূনতম ৪.৫ অথবা প্রথম বিভাগ থাকিতে হইবে; ঘ) কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য হইবে না; ঙ) কোন স্বীকৃত জার্নালে ৭টি প্রকাশনা, তন্মধ্যে সহকারী অধ্যাপক হিসাবে ৩ টি প্রকাশনা থাকিতে হইবে । অভিজ্ঞতা : ক) পিএইচডি বা সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়/ গবেষণা প্রতিষ্ঠানে ৭(সাত) বছরের শিক্ষকতা এবং/অথবা গবেষণার অভিজ্ঞতা তন্মধ্যে সহকারী অধ্যাপক পদে কমপক্ষে ৪(চার) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে; খ) পিএইচডি বা সমমানের ডিগ্রি না থাকিলে বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানে ৯ (নয়) বছরের শিক্ষকতা এবং/অথবা গবেষণার অভিজ্ঞতা তন্মধ্যে সহকারী অধ্যাপক পদে কমপক্ষে ৫(পাঁচ) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে। উপরোক্ত শর্তাবলীযুক্ত প্রার্থী পাওয়া না গেলে স্নাতক সম্মান শ্রেণীতে প্রথম বিভাগ/শ্রেণী/ সমমানের জিপিএ-সহ মোট ৩(তিন) টি প্রথম বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ থাকিতে হইবে।

- আবেদনপত্রের ১ কপি নমুনা ফরম ২৯/০৬/২০১৬ হইতে ২৭/০৭/২০১৬ তারিখ পর্যন্ত অফিস চলাকালে (০১/০৭/২০১৬ হইতে ১৬/০৭/২০১৬ পর্যন্ত পবিত্র ঈদ-উল ফিতর উপলক্ষে অফিস বন্ধ থাকিবে) ব্যক্তিগতভাবে অথবা ১০/-(দশ) টাকা মূল্যের ডাকটিকেটসহ নিজস্ব ঠিকানা সম্বলিত একটি বড় খাম (২৫ সে. মি. × ১১ সে. মি.) পাঠাইয়া রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৬ এর অফিস হইতে সংগ্রহ করা যাইবে; অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.bsmrau.edu.bd) হইতে ডাউনলোড করা যাইবে।
- প্রার্থীকে ১০(দশ) সেট আবেদনপত্র যথাযথভাবে পূরণকরতঃ আগামী ২৮/০৭/২০১৬ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৬ এর অনুকূলে পৌছাইতে হইবে।
- প্রার্থীকে ১০০০/-(এক হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট (অফেরতযোগ্য) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের অনুকূলে, সোনালী ব্যাংক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় শাখার উপর দাখিল করিতে হইবে। ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার ছাড়া কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না।
- আবেদনপত্রের সহিত- ১) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র; ২) নম্বরপত্র; ৩) প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র; ৪) ইউপি চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র; ৫) জাতীয় পরিচয়পত্র; ৬) কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্র (যদি থাকে, কতদিন মেয়াদী তাহা উল্লেখ করিতে হইবে); ৭) অভিজ্ঞতা সংক্রান্ত সকল সনদপত্র (যদি থাকে); ৮) প্রকাশনার রিপ্রিন্টের অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে) ইত্যাদির সত্যায়িত আলোকলিপি ক্রমানুসারে সংযোজন করিতে হইবে।
- প্রার্থীকে সম্প্রতি তোলা ২ কপি পাসপোর্ট আকারের ছবি সত্যায়িত করতঃ মূল আবেদনপত্রের উপরে (ডানদিকে) সংযুক্ত করিতে হইবে।
- খামের উপর অবশ্যই প্রেরকের ঠিকানা ও পদের নাম উল্লেখ করিতে হইবে। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।
- শিক্ষক পদের ক্ষেত্রে ২০০১, ২০০২ ও ২০০৩ সনের এসএসসি ও এইচএসসি অথবা সমমানের পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৮০ অথবা প্রথম বিভাগ থাকিতে হইবে ।
- সরকারী নিয়ম অনুযায়ী জেলা কোটা/মুক্তিযোদ্ধা ও মুক্তিযোদ্ধা সন্তানদের/সন্তানদের সন্তানের কোটা/মহিলা কোটা/নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠী কোটা/এতিম কোটা/প্রতিবন্ধী কোটা প্রভৃতি অনুসরণ করা হইবে।
- প্রার্থী মুক্তিযোদ্ধা হইলে অথবা মুক্তিযোদ্ধাদের পোষ্য হইলে যথাযথ সনদপত্রের সত্যায়িত অনুলিপি সংযোজন করিতে হইবে।
- মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধাদের সন্তান/মুক্তিযোদ্ধাদের সন্তানদের সন্তানের ক্ষেত্রে বয়সসীমা অনধিক ৩২(বত্রিশ) বৎসর।
- প্রাপ্ত সকল আবেদনপত্র প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের সাক্ষাৎকার পরীক্ষায় ডাকা হইবে। ইহার জন্য কোন ভ্রমণ বা অবস্থান ভাতা দেওয়া হইবে না। সাক্ষাৎকারের তারিখ ও সময় সংশ্লিষ্ট প্রার্থীর আবেদনে উল্লেখিত বর্তমান ঠিকানায় ডাকযোগে সাক্ষাৎকার পত্র মারফত অথবা মোবাইল নম্বরে এসএমএস (SMS) মারফত/ ই-মেইল ঠিকানায় সাক্ষাৎকার পত্র মারফত জানানো হইবে।
- নিয়োগপ্রাপ্তদের বাসা প্রাপ্তি সাপেক্ষে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বসবাস করিতে হইবে।
- অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না।
- এই বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিলযোগ্য।
- "অভিজ্ঞতা" অর্থ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা সমপর্যায়ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান অথবা কোন সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীকাল-কে বুঝাইবে।
- শিক্ষকতার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী পাওয়া না গেলে কেবলমাত্র কোন স্বীকৃত আন্তর্জাতিক মানের গবেষণা প্রতিষ্ঠানের গবেষণা কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীর বিষয় বিবেচনা করা হইবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে-

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মো. তোফাজ্জল হোসেন)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)